

পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলা “পানি সরবরাহ ও স্যানিটেশন” (WATSAN) কমিটির ১৪/০৫/২০২৫ খ্রিঃ  
তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পানির উৎসের স্থান নির্বাচন বিষয়ক অনুষ্ঠিতব্য সভার কার্য বিবরণী :

সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট ‘ক’ (সংযুক্ত)

আলোচ্য বিষয় : ১। “উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ” প্রকল্পে ৩য় বরাদ্দ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।  
২। বিবিধ আলোচনা।


অদ্য ১৪/০৫/২০২৫ খ্রিঃ তারিখে রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত “পানি সরবরাহ ও স্যানিটেশন” (WATSAN) কমিটির সভায় সভাপতিত্ব করেন জনাব আবদুল কাইয়ুম, উপজেলা নির্বাহী অফিসার, মঠবাড়িয়া উপজেলা, পিরোজপুর। সভায় সম্মানিত সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনা : কমিটির সদস্য সচিব, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মঠবাড়িয়া উপজেলা, পিরোজপুর। জানান বর্তমানে উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্পের কাজ চলমান আছে। প্রকল্প পরিচালক মহোদয়ের স্মারক নং- ১০৪০ তারিখ ০৩/১০/২০২৪ ইং পত্রের নির্দেশনা মোতাবেক স্থান নির্বাচন করা প্রয়োজন। স্থান তালিকা চূড়ান্ত করনের লক্ষে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বরাবরে জনসাধারণের নিকট হইতে যে সকল আবেদন পাওয়া গিয়েছে তা যাচাই বাচাই করা হয়। ৩য় বরাদ্দের কাজের দরপত্র বাতিল হওয়ার কারণে পুনরায় দরপত্র আহবানের পরিপ্রেক্ষিতে ঠিকাদার চূড়ান্ত করনের কাজ শেষ হয়েছে। মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নের জন্য যাচাই বাচাই করা আবেদন/আই ডি কার্ড এর মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক অগ্রাধিকার তালিকা সভায় উপস্থাপন করা হয়। প্রকল্পের বাকি সকল কাজ দ্রুত শেষ করার জন্য মাঠ পর্যায়ে কাজ চলমান আছে।

সিদ্ধান্ত : ০১। উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্পের ৩য় বরাদ্দের দরপত্র চূড়ান্ত হয়েছে, কাজ বাস্তবায়নের জন্য ৩য় বরাদ্দের অগ্রাধিকার তালিকার মধ্য হতে ইউনিয়নের চূড়ান্ত তালিকা সভায় অনুমোদন করা হয় যা সরকারী নির্ধারিত সহায়ক চাদা উত্তোলন পূর্বক কাজ বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলীকে অনুরোধ জানানো হয় (তালিকা সংযুক্ত)।

সিদ্ধান্ত : ০২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অন্য সকল প্রকল্পের কাজ সৃষ্ট ও সুন্দর ভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় পারস্পারিক শুভেচ্ছা বিনিময়ের মাধ্যমে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
আবদুল কাইয়ুম  
উপজেলা নির্বাহী অফিসার  
ও সভাপতি  
উপজেলা WATSAN কমিটি  
মঠবাড়িয়া উপজেলা, পিরোজপুর।


স্মারক নং- ৪৬.০৩.৭৯৫৮.০৬১.৯৯.০০১.১৯- ২৬২/১২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পিরোজপুর জেলা।

০২। চেয়ারম্যান/প্রশাসক, .....ইউনিয়ন পরিষদ, মঠবাড়িয়া উপজেলা, পিরোজপুর।

তারিখ : ১৪/০৫/২০২৫ খ্রিঃ।

  
আবদুল হুসাইন খান লিটন  
সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
মঠবাড়িয়া উপজেলা, পিরোজপুর।